

সারাদেশ

নবীনগরে র্যাব সদস্যদের ওপর হামলা: মামলার পলাতক আসামি গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার নবীনগরে র্যাব সদস্যদের ওপর সংঘবদ্ধ হামলার ঘটনায় দায়ের করা মামলায় মো. জজ মিয়া (৫৫) নামে এক পলাতক আসামিকে গ্রেপ্তার করেছে র্যাব-৯।

মঙ্গলবার (১৮ আগস্ট) দুপুর ১টা ১০ মিনিটের দিকে ব্রাহ্মণবাড়িয়া পৌর শহরের নিয়াজ মোহাম্মদ স্টেডিয়ামের প্রধান ফটকের সামনে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

র্যাব-৯, সিপিএসি-১, ব্রাহ্মণবাড়িয়ার একটি অভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে এ অভিযান পরিচালনা করে। র্যাব জানায়, নবীনগর থানায় দায়ের করা মামলা নম্বর-২১, তারিখ ১৩ মে ২০২৬-এর তদন্তে প্রাপ্ত পলাতক আসামি হিসেবে জজ মিয়াকে গ্রেপ্তার করা হয়েছে। মামলাটি দণ্ডবিধি, ১৮৬০-এর বিভিন্ন ধারায় করা হয়েছে।

গ্রেপ্তার জজ মিয়া ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার খাগাতুয়া পশ্চিমপাড়ার বাসিন্দা। তিনি মৃত হাজী হরন মিয়ার ছেলে।

র‍্যাব সূত্রে জানা গেছে, নবীনগরে সফিক ডাকাত ও তাঁর বাহিনীর সদস্যদের বিরুদ্ধে র‍্যাব সদস্যদের ওপর সংঘবদ্ধ হামলার অভিযোগে মামলাটি করা হয়। এ মামলায় এর আগে ১১ জন আসামিকে গ্রেপ্তার করেছে র‍্যাব-৯।

গ্রেপ্তার জজ মিয়াকে পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নবীনগর থানায় হস্তান্তর করা হয়েছে।

র‍্যাব-৯ জানিয়েছে, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে তাদের গোয়েন্দা তৎপরতা ও অভিযান অব্যাহত রয়েছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/nbingre-rjab-sdsjder-opr-hamla-mamlar-platk-asami-greptar>